

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৮৫

জিরানীয়া, ১৬ নভেম্বর, ২০২৩

মান্দাই ইলাকে স্বাস্থ্য শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসনের দ্বিতীয় পর্যায় উপলক্ষে গতকাল মান্দাই ইলাকে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে তিন শতাধিক রোগী বিনামূল্যে স্বাস্থ্য পরিমেবার সুযোগ গ্রহণ করেন। শিবিরে মান্দাই বিএস'র চেয়ারম্যান বীরেন্দ্র দেববর্মা বলেন, প্রতিটি গ্রামপঞ্চায়েত ও এডিসি ভিলেজে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা যাতে সাধারণ জনগণ গ্রহণ করতে পারেন সে লক্ষ্যে গতকাল থেকে বিকশিত ভারত সংকল্প যাত্রা শুরু হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মান্দাই ইলাকের অতিরিক্ত সমষ্টি উন্নয়ন আধিকারিক পূজন সেন জানান, সরকারি প্রকল্প ও পরিমেবা সমূহের তথ্য সমৃদ্ধ আয়মান প্রচার বাহক গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে যাত্রা শুরু করেছে। আগামী ৩০ নভেম্বর পর্যন্ত এই আয়মান প্রচার ভ্যান মান্দাই ইলাকের ২৬টি এডিসি ভিলেজে প্রচার অভিযান চালাবে। স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন মান্দাই বিএস'র ভাইস চেয়ারম্যান বিকাশ দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী তরিং দেববর্মা, অজিত দেববর্মা, অভিজিৎ দেববর্মা ও বিপিন দেববর্মা। অনুষ্ঠানে স্বসহায়ক দলের সদস্যরা তাদের সাফল্যের চিত্র তুলে ধরেন।

\*\*\*\*\*